অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেট পার্কগুলোর জন্য 2021 সাল আরেকটি রেকর্ড সৃষ্টিকারী বছর ছিল বলে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটব্যাপী ভ্রমণকারীর সংখ্যা 427,000 এরও বেশিতে উন্নীত হয়েছে, নায়াগ্রা জলপ্রপাত সবার চেয়ে এগিয়ে রয়েছে

স্টেট পার্কের উন্নয়নের জন্য গভর্নরের নির্বাহী বাজেটে 200 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে যা ক্রমবর্ধমান সংখ্যক ভ্রমণকারীদেরকে স্বাগত জানানোর উদ্দেশ্যে কাজে লাগানো হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, ক্যাম্পগ্রাউন্ড, ও ট্রেইলগুলো 2021 সালে রেকর্ড সংখ্যক 78.4 মিলিয়ন ভ্রমণকারীকে স্বাগত জানিয়েছে, যা কোভিড-19 মহামারী শুরু হওয়ার পর থেকে দেখতে পাওয়া সবচেয়ে বেশি ভ্রমণকারীর সংখ্যা।

"নায়াগ্রা জলপ্রপাত থেকে মন্টাউক পয়েন্ট পর্যন্ত আমাদের স্টেট পার্ক ও ঐতিহাসিক স্থানগুলো এমন এক সম্পদ যা প্রত্যেক নিউ ইয়র্কবাসী উপভোগ করতে পারেন," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী চলাকালীন সময়ে পার্ক ও জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলো আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে পড়েছে -- যেগুলো নিউ ইয়র্কবাসীদেরকে একত্রিত হওয়া ও চিত্তবিনোদনের জন্য নিরাপদ ও উপভোগ্য আউটডোর জায়গার ব্যবস্থা করে দিচ্ছে। গত বছর আমাদের স্টেট পার্কগুলোতে রেকর্ড সংখ্যক ভ্রমণকারীদের স্বাগত জানাতে পেরে নিউ ইয়র্ক গর্বিত, এবং 2024 সালে 100তম বার্ষিকী এগিয়ে আসার এই সময়ে আমরা আমাদের পার্ক সিস্টেমের আরো আধুনিকায়ন করার প্রত্যাশা রাখি।"

2021 সালে স্টেটব্যাপী মোট ভিজিটের সংখ্যা 427,000 এরও বেশি বৃদ্ধি পেয়েছে, যেখানে 2020 সালের তুলনায় নায়াগ্রা জলপ্রপাতে দর্শনার্থীর সংখ্যা নাটকীয়ভাবে তিন মিলিয়নেরও বেশি বৃদ্ধি পেয়েছে, যে সময়ে কোভিড-19 সংক্রান্ত প্রোটোকলের কারণে আন্তর্জাতিক সীমান্তে পর্যটন কমে গিয়েছিল। গত বছর নয় মিলিয়নের বেশি পর্যটক নায়াগ্রা ফলস স্টেট পার্কে ঘুরতে গিয়েছেন।

স্টেট পার্কে ভ্রমণকারীর সংখ্যা ক্রমশ বাড়তে বাড়তে এখন 2008 সালের তুলনায় 41 শতাংশ বৃদ্ধি পেয়েছে। মোট দর্শনার্থীর সংখ্যার ক্ষেত্রে ছাড়াও, স্টেট পার্কগুলো 2021 সালে

ক্যাম্পগ্রাউন্ডগুলোতে রাতযাপনের জন্য ঘুরতে যাওয়ার ক্ষেত্রে নতুন রেকর্ড তৈরি করেছে, যেখানে 787,000 এরও বেশি রাতের জন্য ক্যাম্পসাইট, কেবিন ও কটেজ বুক করা হয়েছিল।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমি কৃতজ্ঞ যে চিত্তবিনোদনের অন্যান্য সুযোগ আরো বেশি লভ্য হয়ে উঠার পরেও, 2021 সালে আগের চেয়ে আরো বেশি মানুষ আমাদের স্টেট পার্ক ও ঐতিহাসিক স্থানগুলোতে যাওয়ার প্রয়োজন রয়েছে বলে সিদ্ধান্ত নিয়েছিলেন। সাম্প্রতিক বছরগুলোতে নিউ ইয়র্ক তার ফ্যাসিলিটিগুলোকে বিশ্ব-মানের করে তোলার জন্য উল্লেখযোগ্যভাবে বিনিয়োগ করেছে এবং সামনের সময়গুলোতে আরো উন্নয়ন সম্পন্ন হতে যাচ্ছে।"

NY পার্কস 100 ক্যাপিটাল ইনিশিয়েটিভ (NY Parks 100 capital initiative)-কে সমৃদ্ধ করার উদ্দেশ্যে গভর্নর হোকলের 2022-23 সালের প্রস্তাবিত বাজেটে স্টেট পার্কগুলোর জন্য 200 মিলিয়ন ডলারের মূলধনী তহবিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যা বর্তমানের তুলনায় প্রায় 80 শতাংশ বেশি। জানুয়ারি মাসে তার স্টেট অব দ্যা স্টেট ভাষণে গভর্নর হোকল এধরনের একটি প্রকল্প- ডাউনটাউন রচেস্টারের হাই ফলস এলাকায় একটি নতুন স্টেট পার্ক তৈরি করার - কথা ঘোষণা করেছিলেন। কিংসটন সিটিতে আরেকটি নতুন স্টেট পার্ক তৈরি করা হচ্ছে এবং এবছরের শেষ নাগাদ সেটি জনসাধারণের জন্য খুলে দেয়া হবে বলে আশা করা হচ্ছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভাইস প্রেসিডেন্ট ও এক্সিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম রস ডি. লেভি বলেন, "যখন আরো বেশি ভ্রমণকারী ক্রমশ ঘরের বাইরে বেড়ানোর অভিজ্ঞতা লাভের নতুন উপায় খুঁজছেন, সেসময়ে আমাদের বিশ্ব-মানের স্টেট পার্কস সিস্টেম ভ্রমণকারীদের নজিরবিহীন সুযোগ প্রদান করছে। স্টেটের, দেশের এবং বিশ্বের অন্যান্য অঞ্চল থেকে আসা ভ্রমণকারীদেরকে তাদের পরবর্তী সময় কাটানোর স্থানের অংশ হিসেবে আমাদের পার্ক, ট্রেইল, ও ঐতিহাসিক স্থানগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য এবং সকলের সাথে অংশীদার হওয়ার জন্য আই লাভ NY (I LOVE NY) গর্বের সঙ্গে উৎসাহিত করছে।"

মহামারী শুরু হওয়ার পর থেকে সম্পন্ন হওয়া বড় বড় পার্ক প্রকল্পগুলোর মধ্যে ওয়েস্টচেস্টার কাউন্টিতে ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট স্টেট পার্কে একটি সুইমিং পুল সংস্কার, লেচওর্থ স্টেট পার্কে প্রথম বারের মতো একটি অটিজম ন্যাচার ট্রেইল চালু করা, সাবেক রবার্ট মোজেস পার্কওয়ের একটি অংশ সরিয়ে ফেলে নায়াগ্রা গিরিখাদের অ্যাক্সেস উন্নত করার জন্য নায়াগ্রা ফলস স্টেট পার্কের সম্প্রসারণ, মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে একটি নতুন ভিজিটর সেন্টার তৈরি, জোন্স বিচ এনার্জি এন্ড ন্যাচার সেন্টার চালু করা, এবং পার্পল হার্ট হল অব অনার সম্প্রসারণ করা অন্তর্ভুক্ত ছিল।

NY পার্কস 100 স্থানীয় পর্যায়ে চিত্তবিনোদনের স্থান তৈরি করা, অতিরিক্ত ভীড় জমে যাওয়া পার্কগুলোকে হালকা করা, নতুন দর্শনার্থীদের স্বাগত জানানো, এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবেশগত ও ঐতিহাসিক ঐতিহ্যকে সুরক্ষিত রাখার প্রতি মনোযোগী হবে। সকল কমিউনিটির সব বয়স ও সক্ষমতার লোকজন যাতে আমাদের আউটডোর, আমাদের সংস্কৃতি,

এবং আমাদের ঐতিহ্যের পুরোপুরি অভিজ্ঞতা লাভ করতে পারে তা এই নতুন পরিকল্পনা নিশ্চিত করবে।

এছাড়াও গভর্নর হোকল 4 বিলিয়ন ডলারের "নির্মল পানি, নির্মল বায়ু ও সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড আইন" প্রস্তাব করেছেন যা 2022 সালের নভেম্বরে ভোটে আসবে। যদি ভোটারদের দ্বারা অনুমোদিত হয়, তাহলে এই আইন জলবায়ু পরিবর্তন প্রশমন, সংস্কারকাজ ও বন্যার ঝুঁকি কমানোর প্রকল্পসমূহ, এবং পরিবেশ সুরক্ষা বিষয়ক অন্যান্য কর্মসূচির জন্য বাড়তি তহবিল যোগান দিবে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটারে আমাদের সাথে সংযুক্ত হোন।

সিনেটর হোসে এম. সেরানো বলেন, "স্টেট পার্কস ও ঐতিহাসিক স্থানগুলো মহামারী চলাকালীন সময়ে নিরাপদ চিত্তবিনোদনের সুযোগ অনুসন্ধানকারী নিউ ইয়র্কবাসী ও দর্শনার্থীদের জন্য একটি আশ্রয়স্থল হিসেবে ভূমিকা রেখেছে। প্রকৃতির সান্নিধ্যে আরো বেশি সময় কাটানোর শারীরিক ও মানসিক স্বাস্থ্যগত সুবিধাগুলো লোকজন অনুভব করতে শুরু করায়, উপস্থিতির সংখ্যা বৃদ্ধি পেতে দেখাটা বিস্ময়কর কোনো ব্যাপার ছিল না। আমাদের পার্কের প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য গভর্নর ক্যাথি হোকল ও স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইডকে অসংখ্য ধন্যবাদ, এবং আমি আরো বেশি নিউ ইয়র্কবাসীকে চমৎকার আউটডোরের সঙ্গে সংযুক্ত হতে সাহায্য করার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল জে. ও'ডনেল বলেন, "পার্কগুলো আমাদের স্টেটের অত্যন্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো। সেগুলো বছরব্যাপী সেবা দেয়, কমিউনিটি গড়ে তোলে, এবং আমাদের অর্থনীতির নোঙ্গর হিসেবে কাজ করে। পার্কগুলোতে রেকর্ড সংখ্যক উপস্থিতি থেকে যেমনটা দেখা যায়, নিউ ইয়র্কবাসীরা সমৃদ্ধ পাবলিক স্থান চায় এবং তাদের সেগুলোর প্রয়োজন রয়েছে। যখন কোভিড বহু মানুষকে ঘরের ভেতরে সামাজিক মেলামেশা থেকে বিরত রেখেছে, পার্কগুলো একটি নিরাপদ স্থানের ভূমিকা পালন করেছে। আমাদের পার্কস সিস্টেমে বিনিয়োগ করাটা আমাদের মহামারী থেকে পুনরুদ্ধারের চাবিকাঠি, আর একারণেই আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল সব নিউ ইয়র্কবাসীর জন্য সবুজ স্থানগুলোকে সমতাপূর্ণ ও অ্যাক্সেসযোগ্য করে তোলার জন্য তার অঙ্গীকারাবদ্ধতার ক্ষেত্রে একজন প্রকৃত অংশীদার।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন